**Module 10**

# সিদ্ধান্ত নির্ণয়ের কৌশল

## snapshot

শক্তিশালী দলগুলি ভালো সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া থেকে উপকৃত হয়, যা প্রত্যেক ব্যক্তিকে তাদের নিজস্ব অভিজ্ঞতা, উপলব্ধি এবং অনুপ্রেরণার স্তরকে গঠনমূলকভাবে তাদের দলের কার্যক্রমে যোগ করেতে সাহায্য করে।

## introduction

সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়াগুলিকে সহজ করা একজন প্রশিক্ষকের বিকাশ এবং অনুশীলনের জন্য একটি গুরুত্বপূর্ণ দক্ষতা। আমরা এই প্রক্রিয়াটি যেভাবে পরিচালনা করি, তার মধ্য দিয়েই আমরা অংশগ্রহণকারীদের জন্য স্বাধীনভাবে তাদের মতামত প্রকাশের জায়গা তৈরি করি- আপাতদৃষ্টিতে তা বড় হোক বা ছোট।

অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণ আমাদের বাস্তব অভিজ্ঞতার গতিশীল প্রকৃতি বিবেচনা করে এবং সবাইকে সেখানে তাদের অভিজ্ঞতা যোগ করার সুযোগ করে দেয়। এটি আমাদের কাজে গণতন্ত্রের মূল্যবোধ প্রদর্শন এবং তা বাস্তব জীবনে ধারণ করার মাধ্যমে নিজেদের কথাকে কাজে প্রতিফলন করার ক্ষেত্র তৈরি করে দেয়।

একটি শক্তিশালী সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া একাধিক বিষয় বিবেচনায় রাখে: এটি কোন ধরনের সিদ্ধান্ত? কাকে এই সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার অংশ হতে হবে? এই সিদ্ধান্ত নেয়ার জন্য আমাদের কত সময় আছে?

নীচের সারণিটি সিদ্ধান্ত গ্রহণের কিছু পদ্ধতির সারসংক্ষেপ উপস্থাপন করে।

| সিদ্ধান্তের ধরন | মাঝে মাঝে এটি দেখতে কেমন হয় | কিছু দরকারি কৌশল |
|---|---|---|
| স্বতন্ত্র/ব্যক্তিগত সিদ্ধান্ত | আমি একটি দলের অংশ হতে চাই কিনা, সে সিদ্ধান্ত নিজেই নেয়া | খুঁটিনাটি তালিকা, জরুরী-গুরুত্বপূর্ণ হিসাবনিকাশ |
| দলীয় কৌশলগত সিদ্ধান্ত | কোনো সমস্যা সমাধানে একটি দল কী ধরনের কাজ করতে পারে, সবাই একত্রে তার সিদ্ধান্ত নেওয়া | একটি অবস্থান নিন |
| সময়ের প্রতি সংবেদনশীল কৌশলগত সিদ্ধান্ত | বিক্ষোভের মাঝখানে অবিলম্বে কোনো পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নেয়া | হাতের সংকেত, হেঁটে বেড়ানো, মুষ্টি থেকে পাঁচ |

যৌথ কর্ম এবং ভাগাভাগি করে নেয়া দলীয় নেতৃত্বের জন্য অংশগ্রহণমূলক, সম্মতি-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ সবচেয়ে ভালো সহায়ক। গতানুগিক কার্যক্রম দিয়ে আরম্ভ করা থেকে শুরু করে আলোচনা ও নতুন আইডিয়া প্রস্ফুটিত হওয়ার বহুমতের ক্ষেত্র, এবং তারপর ক্রমবর্ধমান ঐক্যমতের পথে আসা ও তারপর সিদ্ধান্ত নেয়া বা কর্মপরিকল্পনায় পৌঁছানো পর্যন্ত, এই ধরনের প্রক্রিয়ার সময় দলের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে জানা থাকা ভালো। এই প্রক্রিয়াটিকে সুস্থ্য বা সুষ্ঠু হিসেবে স্বীকৃতি দিলে, একটি দল যেন বহুমতের ক্ষেত্রকে "অনুযোগ অঞ্চল" হিসাবে না দেখে, এবং সিদ্ধান্ত গ্রহণ বা সমাধানের পথে যেন একে এড়িয়ে না যায়, সেই বিষয়ে তাকে সাহায্য করা যায়।

দীর্ঘস্থায়ী চুক্তি এমনি এমনি হয় না; সক্রিয় পদক্ষেপের মাধ্যমে সেগুলো প্রণয়ন করতে হয়।

**সর্বোত্তম অনুশীলন: কার্যকর, অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণের নীতি**

অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণকে সমর্থন করার জন্য, প্রশিক্ষক হিসেবে আমরা যেন কয়েকটি মৌলিক নীতির মডেল উপস্থাপন করতে পারি, তা নিশ্চিত করা দরকার:

- সম্মতি অর্জনের উপরে জোর দেওয়া
- অংশগ্রহণ এবং তথ্যলাভের অধিকারে সমতা আনা
- ভালো প্রশিক্ষণ, স্পষ্ট আলোচ্যসূচি এবং লক্ষ্য সরবরাহ করা
- আরও বেশি নিরাপদ, সাহসী, এবং সকলের অন্তর্ভুক্তিমূলক ক্ষেত্র তৈরিতে দলীয় চুক্তি ব্যবহার করা
- অগ্রাধিকারের ভিত্তিতে নয়, নীতি অনুসরণ করে কাজ করা
- মূল্যায়নে প্রতিশ্রুতিবদ্ধ হোন!

---

## key concepts

**অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণ:** *যখন একটি দল বা দলসমষ্টি পুরো দলের সম্মিলিত তথ্য, অভিজ্ঞতা এবং বিশ্লেষণ ব্যবহার করে একটি কর্মপদ্ধতিতে সহমত হয়।*

**ঐক্যমত্য প্রক্রিয়া:** *অংশগ্রহণ এবং সম্মতির উপর ভিত্তি করে সিদ্ধান্ত গ্রহণের একটি আনুষ্ঠানিক চর্চা, যা সম্মিলিতভাবে গঠিত একটি সিদ্ধান্তের দিকে নিয়ে যায়, যা সবাই গ্রহণ করতে পারে।*

---

## further information

- [StarHawk's Guide to Consensus Decision Making]
- অনলাইনে একটি দলকে নেতৃত্ব দেয়ার উপায় শিখতে **পরিবর্তনের জন্য প্রশিক্ষণ** থেকে এই বিনামূল্যের ই-বুকটি ব্যবহার করুন: **FREE EBOOK: Leading Groups Online**
- সহযোগী গোষ্ঠীর সাথে কাজ করার একটি নির্দেশিকার জন্য, স্টারহকের The Empowerment Manual এবং তার প্রশিক্ষকের লেখা FIVE FOLD PATH OF PRODUCTIVE MEETINGS বুকলেটটি দেখুন।
- একটি সংক্ষিপ্ত বিবরণের জন্য, এই চমৎকার ডাউনলোডযোগ্য বইটি দেখুনঃ Facilitator's Guide to Participatory decision-Making [Third ed.]  স্যাম কেনার ও অন্যান্য।
- কমিউনিটি অ্যাট ওয়ার্ক থেকে দলীয় প্রক্রিয়ার জন্য আরও সহায়তা পাওয়া যাবে এখানে: https://communityatwork.com/our-publication

---

## training activities list

| অনুশীলন | এটি কী | সময় | কর্মশক্তির স্তর |
|---|---|---|---|
| ত্বরিত সিদ্ধান্ত গ্রহণ কৌশল (Quick decision tools) | গণতান্ত্রিক উপায়ে দলীয় সিদ্ধান্তকে সমর্থন করার জন্য বেশ কয়েকটি দ্রুত এবং নমনীয় উপায়। | ২-১০ মিনিট | নিম্ন-উচ্চ |

| | | | |
|---|---|---|---|
| [বিন্দুভিত্তিক নির্বাচন পদ্ধতি (Dotocracy)] | রঙিন বিন্দু বা চিহ্ন দিয়ে গণতান্ত্রিকভাবে পছন্দ বিবেচনা এবং অগ্রাধিকার দেওয়ার একটি আকর্ষক উপায়। | ১৫-৪৫ মিনিট | নিম্ন-উচ্চ |
| [ঝর্ণাধারা (Cascade)] | গণতান্ত্রিক উপায়ে পছন্দ বিবেচনা এবং অগ্রাধিকার দেওয়ার একটি আকর্ষক উপায়। | ১৫-৪৫ মিনিট | মাঝারি-উচ্চ |
| [একটি অবস্থান গ্রহণ (সহমত+মতানৈক্য) (Take a position (agree + disagree) )] | অংশগ্রহণকারীরা একটি বিষয়ে তাদের মতামতের ভিত্তিতে একটি স্থানে সশরীরে অবস্থান গ্রহণ করে। | ৪৫-৬০ মিনিট | উচ্চ |
| [সর্বসম্মতির ভিত্তিতে সিদ্ধান্ত নির্ণয় (Consensus decision making)] | সর্বসম্মতির ভিত্তিতে সিদ্ধান্ত নির্ণয় একটি দলের সকল সদস্যের মধ্যে সমঝোতায় পৌঁছানোর একটি সৃজনশীল এবং গতিশীল উপায়। | ১৫-৪৫ মিনিট | মাঝারি |